# বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট

ঈশ্বরদী-৬৬২০, পাবনা।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- BSRI/N-1/2019/973 তারিখ- 18/12/2019

বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই), ঈশ্বরদী, পাবনা এর রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (২০১৫) এবং গ্রেড | পদ সংখ্যা | বিএসআরআই এর চাকুরী প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | বৈজ্ঞানিক কর্মকর্তা (Scientific Officer)<br>(প্রজনন বিভাগ/শারীরতত্ব ও চিনি রসায়ন বিভাগ/মৃত্তিকা ও পুষ্টি বিভাগ/রোগতত্ব বিভাগ/কীটতত্ব বিভাগ/কৃষি প্রকৌশল বিভাগ/প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর বিভাগ/সরেজমিন গবেষণা বিভাগ/কোয়ারেন্টাইন স্টেশন/আঞ্চলিক কেন্দ্র/উপ-কেন্দ্র) | ২২০০০-৫৩০৬০<br>(গ্রেড-৯) | ২১ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএসসি (কৃষি বিজ্ঞান/কৃষি প্রকৌশল)/বিএজি (কৃষি বিজ্ঞান/কৃষি প্রকৌশল) অথবা রসায়ন/ফলিত রসায়ন/উদ্ভিদ বিজ্ঞানে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী; এবং<br><br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ/ শ্রেণী থাকিতে হইবে। |
| | | মোট পদ = | ২১ | |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

১। আবেদনকারীর বয়স ২৪/১২/২০১৯ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে থাকতে হবে । তবে বিএসআরআই রাজস্বখাতে চাকুরীতে নিয়োজিত আছেন এইরূপ বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য হবে। শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর । তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। এসএসসি সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে । বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। কেবলমাত্র উপযুক্ত এবং ক্রটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষায় ডাকা হবে। পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং গেজেটেড কর্মকর্তা (নামসহ) কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ছায়ালিপি দাখিল করতে হবে।

৪। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৫। জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৬। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি সরাসরি নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হবেন না।

৭। কোন ধরনের তদবির কিংবা সুপারিশ, প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৮। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।

৯। বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট এর Website: www.bsri.gov.bd এ বিজ্ঞপ্তি দেখা যাবে।

১০। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। নিয়োগযোগ্য পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

১২।** অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bsri.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

I. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৪/১২/২০১৯ খ্রি. সকাল ১০:০০ টা।

II. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৩/০১/২০২০ খ্রি. বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিণ প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে উক্ত পদের জন্য পরীক্ষার ফি ২০০/- (দুইশত) টাকা ও Teletalk চার্জ বাবদ ২৪/- (চব্বিশ) টাকাসহ সর্বমোট ২২৪/- (দুইশত চব্বিশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

- অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত নূন্যতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, কোটা, জেলা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল করা হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- প্রথম SMS: BSRI<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
  Example: BSRI ABCDEF
- Reply: Applicant's Name, TK-(Application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BSRI<Space> Yes<Space>PIN and send to 16222.
- দ্বিতীয় SMS: BSRI<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে
- Example: BSRI YES 12345678
- Reply: Congratulations Applicant's Name, payment completed Successfully for BSRI Application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:// bsri.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Psssword ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে:

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ঝ. I. User ID জানা থাকলে: BSRI <space>Help<space>User ID & Send to 16222.
   Example: BSRI Help User ABCDEF & send to 16222.
   II. PIN Number জানা থাকলে: BSRI<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
   III. Example: BSRI Help PIN 12345678 & send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

২৮.১২.২০১৯

(ড. মো. সাইদুর রহমান)
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
এবং
সদস্য- সচিব, বিএসআরআই
পদোন্নতি/নিয়োগ কমিটি-১